

# বাবা-মা এবং পরিচর্যাকারীদের জন্য Year 1

এর সংখ্যাাত্ত্বিক মূল্যায়ন পরীক্ষা  
সম্পর্কিত তথ্য



## Year 1 সংখ্যাাত্ত্বিক মূল্যায়ন পরীক্ষা কী?

Year 1 এর সংখ্যাাত্ত্বিক মূল্যায়ন পরীক্ষা (Year 1 Number Screening Check) হল একটি সংক্ষিপ্ত রাজ্যব্যাপী মূল্যায়ন যা শিক্ষকদের জানাতে সাহায্য করে আপনার সন্তান প্রাথমিক সংখ্যাবোধে কতটা অগ্রগতি করেছে। এই মূল্যায়ন পরীক্ষা পর্যবেক্ষণ করে যে আপনার সন্তান কীভাবে সংখ্যা চিনতে পারে, সংখ্যাগুলোকে ক্রমানুসারে সাজাতে পারে, গণনা করতে পারে, তুলনা করতে পারে এবং যোগ ও বিয়োগ করতে পারে।

আপনার সন্তান একজন শিক্ষকের সাথে বসবে এবং তাকে প্রায় ৩০টি প্রশ্নের উত্তর দিতে বলা হবে। পরীক্ষাটি সাধারণত **১০ থেকে ১৫** মিনিট সময় নেয়। Year 1 Number Screening Check সাবধানতার সাথে তৈরি করা হয়েছে যাতে আপনার সন্তানের জন্য চাপ না হয়। যদি আপনার সন্তান সমস্যায় পড়ে, তবে শিক্ষক পরীক্ষাটি বন্ধ করে দেবেন।

Year 1 Number Screening Check - এর মূল উদ্দেশ্য হলো আপনার সন্তানের শিক্ষকের কাছে এমন তথ্য সরবরাহ করা, যা তাদের আপনার সন্তানের শেখার পরিকল্পনা তৈরি করতে সাহায্য করবে। সকল Year 1-এর শিক্ষার্থীকে একজন শিক্ষক ব্যক্তিগতভাবে মূল্যায়ন করবেন।

Year 1 Number Screening Check সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

## সংখ্যাজ্ঞান কী?

সংখ্যাজ্ঞান হলো সংখ্যাকে বোঝা, তার সঙ্গে সম্পর্ক স্থাপন করা এবং দৈনন্দিন জীবনে কার্যকরভাবে ব্যবহার করার ক্ষমতা অর্জন করা – যা আমাদের আশেপাশের পৃথিবীকে বুঝতে সাহায্য করে। কিছু শিশু সংখ্যাজ্ঞানে সমস্যায় পড়ে, তাই এই শিশুদের দ্রুত চিহ্নিত করা গুরুত্বপূর্ণ। এর ফলে শিক্ষকরা তাদের প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট সহায়তার পরিকল্পনা করতে পারেন।

## সংখ্যাজ্ঞান কেন গুরুত্বপূর্ণ?

সংখ্যাজ্ঞানে একটি দৃঢ় ভিত্তি স্থাপন আপনার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের পরবর্তী বছরগুলোতে এবং মাধ্যমিক বিদ্যালয়ে আরও জটিল গণিত ধারণা বুঝতে সহায়তা করে।

## টেলিফোন দোভাষী পরিষেবা

যদি আপনার স্কুলের সাথে যোগাযোগ করার জন্য দোভাষীর সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন, আপনার কোন ভাষা প্রয়োজন তা অপারেটরকে বলুন এবং তাদের স্কুলে ফোন করতে বলুন। অপারেটর আপনার কথোপকথনে সহায়তা করার জন্য একজন দোভাষীকে লাইনে রাখবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও মূল্য দিতে হবে না।